মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ
কার্যালয় ঃ ২২৯/১, জেল রোড (কাঠগোলা বাজার), ময়মনসিংহ
ফোনঃ ঃ ০৯১-৬৩৩৩৩, **E-mail :** chairmanbisemym@gmail.com
www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং- ময়শিবো/প্রশা:/০২/২৫/১৮/০৫ **বিজ্ঞপ্তি ঃ** তারিখ : ১২/০১/২০২২ খ্রিঃ

বিষয়ঃ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ এর বিভাগীয় (চূড়ান্ত) আন্তঃকলেজ (উ.মা) খেলাধূলা ও ক্রীড়া প্রতিযোগিতা ২০২০-২০২১ সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে খেলার ফিকচার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ এর ওয়েব সাইটের মাধ্যমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য প্রকাশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ এর বিভাগীয় (চূড়ান্ত) আন্তঃকলেজ (উ.মা) খেলাধূলা ও ক্রীড়া প্রতিযোগিতা ২০২০-২০২১ সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে এ খেলায় অংশগ্রণের যোগ্যতা অর্জনকারী কলেজের খেলোয়ারদের খেলায় অংশ গ্রহণের নিমিত্ত খেলার ফিকচার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ এর ওয়েব সাইটের মাধ্যমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো। খেলার ফিকচারে উল্লেখিত তারিখ, সময় ও স্থানে খেলার বাইলজ (নীতিমালা) অনুযায়ী খেলা পরিচালিত হবে। উল্লেখ্য, খেলার ফিকচারের সঙ্গে অংশগ্রহণকারী খেলোয়ারদের তালিকার একটি নমুনা কপি প্রদান করা হলো। উহা যথাযথভাবে পূরণ পূর্বক খেলোয়ার তালিকায় উল্লেখিত সকল প্রকার ডকুমেন্টসহ নির্ধারিত তারিখ ও সময়ে নিজ দায়িত্বে খেলার মাঠে উপস্থিত হয়ে ক্রীড়া প্রতিযোগিতায় অংশ গ্রহণের জন্য খেলোয়ারসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, ২০২০-২০২১ সনের ক্রীড়া প্রতিযোগিতায় শুধুমাত্র ২০২১ সনের এইচএসসি নিয়মিত পরীক্ষার্থীগণ ও ২০২২ সনের এইচএসসি নিয়মিত পরীক্ষার্থীগণ অংশ গ্রহণ করতে পারবে। অনিয়মিত শিক্ষার্থী কিছুতেই উক্ত খেলায় অংশ গ্রহণ করতে পারবে না। ২০২১ সনের পরীক্ষার্থীগণ তাদের ১ কপি পাসপোর্ট সাইজের ছবিসহ প্রবেশ পত্রের মূলকপি ও ১ কপি সত্যায়িত ফটোকপি এবং সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ কর্তৃক প্রত্যয়নপত্র এবং ২০২২ সনের এইচএসসি পরীক্ষায় অংশ গ্রহণকারী নিয়মিত পরীক্ষার্থীগণ ১ কপি পাসপোর্ট সাইজের ছবিসহ eSIF এর কপি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) এবং সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ কর্তৃক প্রত্যয়নপত্র প্রদর্শন বাধ্যতামূলক। **যথাযথ স্বাস্থ্য বিধি মেনে খেলায় অংশগ্রহন করতে হবে।**

উল্লেখ্য, বোর্ড ক্রীড়া কমিটির ০৪-০১-২০২২ খ্রিঃ তারিখের ২য় সভার সিদ্ধান্ত মোতাবেক জেলা পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতার সময়কাল ২২-০১-২০২২ হতে ৩১-০১-২০২২ এবং তালিকাসহ বোর্ডে ফলাফল পৌছানো ০২-০২-২০২২ হতে ০৩-০২-২০২২ এবং চূড়ান্ত পর্যায়ে ১৯-০২-২০২২ হতে ২৮-০২-২০২২ পর্যন্ত।

(প্রফেসর শেখ মোঃ হাবিবুর রহমান)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :-

১। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ এর অধীন উপরে বর্ণিত ক্রীড়া প্রতিযোগিতায় অংশ গ্রহণকারী সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ, ক্রীড়া শিক্ষক ও খেলোয়ার বৃন্দ।
২। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৩। অফিস কপি।

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

কার্যালয় ঃ ২২৯/১, জেল রোড (কাঠগোলা বাজার), ময়মনসিংহ

ফোন ঃ ০৯১-৫১৮০৬, **E-mail :** chairmanbisemym@gmail.com

www.mymensingheducationboard.gov.bd


স্মারক নং- ময়শিবো/ তারিখ : ..............................

## বিজ্ঞপ্তি

আন্তঃকলেজ (উমা) খেলাধূলা ও ক্রীড়া প্রতিযোগিতা ২০২০-২০২১ বোর্ডের পক্ষে পরিচালনার জন্য নিম্নবর্ণিত জেলাকে জেলা পর্যায়ে ও চূড়ান্ত পর্যায়ে ক্রীড়া পরিচালনা কমিটির সভাপতি মনোনীত করা হলো।

| ক্রমিক নং | জেলার নাম | প্রতিষ্ঠান | স্থান |
|---|---|---|---|
| ১। | ময়মনসিংহ | অধ্যক্ষ, আনন্দমোহন কলেজ, ময়মনসিংহ | ময়মনসিংহ |
| ২। | জামালপুর | অধ্যক্ষ, সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর | জামালপুর |
| ৩। | নেত্রকোনা | অধ্যক্ষ, নেত্রকোনা সরকারি কলেজ, নেত্রকোনা | নেত্রকোনা |
| ৪। | শেরপুর | অধ্যক্ষ, শেরপুর সরকারি কলেজ, শেরপুর | শেরপুর |
| ৫। | বোর্ড বিভাগীয় (ফাইনাল খেলা) | সভাপতি, চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চম্যাধমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ। --পদাধিকারবলে | ময়মনসিংহ মহানগরী |

২। এতদসঙ্গে প্রেরিত নীতিমালা (বাইলজ) ২০২০-২০২১ এর ক্রমিক নং ৭ এবং ৮ এ উল্লেখিত প্রতিযোগিতায় কমপক্ষে একটি বিষয়ে অংশ গ্রহণ বাধ্যতামূলক। উল্লেখ্য, খেলার সঙ্গে সংশ্লিষ্ট সকলকে নীতিমালা (বাইলজ) পুংখানুপুংখরূপে অনুসরণ করার জন্য বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

08/9/22
(প্রফেসর ড. গাজী হাসান কামাল)
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

08/9/22
(প্রফেসর শেখ মোঃ হাবিবুর রহমান)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চম্যাধমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ
কার্যালয় ঃ ২২৯/১, জেল রোড (কাঠগোলা বাজার), ময়মনসিংহ
ফোন ঃ ০৯১-৫৩৩৩৩, E-mail : chairmanbisemym@gmail.com
www.mymensingheducationboard.gov.bd

## ময়মনসিংহ শিক্ষা বোর্ড আন্তঃ কলেজ (উচ্চ মাধ্যমিক) খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতার নীতিমালা (বাইলজ) ২০২০-২০২১

০১। **ফুটবল : (পুরুষ ও মহিলা) :**

ফুটবল প্রতিযোগিতার প্রতিটি খেলা ৩০ মি: + ৫ মি: + ৩০ মি: = ৬৫ মিনিট অনুষ্ঠিত হবে। শেষ পর্যন্ত খেলা অমীমাংসিত থাকলে টাইব্রেকারের মাধ্যমে ফলাফল নির্ধারণ করা হবে। খেলা চলাকালে সর্বোচ্চ ৩ (তিন) জন খেলোয়াড় বদলি করা যাবে। জেলা পর্যায়ের চ্যাম্পিয়ন দলগুলোর মধ্যে লটারির মাধ্যমে সেমি-ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে এবং সেমি-ফাইনাল বিজয়ী দল দুইটির মধ্যে ফাইনাল অনুষ্ঠিত হবে। নির্দিষ্ট সময়ের ৩০ মিনিট পূর্বে খেলা পরিচালনা কমিটির নিকট খেলোয়াড় তালিকা জমা দিতে হবে।

০২। **ক্রিকেট : (পুরুষ ও মহিলা) :**

ক) ক্রিকেট প্রতিযোগিতা প্রতি ম্যাচে প্রত্যেক দল ২০ ওভার এবং ১ জন বোলার আন্তর্জাতিক নিয়ম অনুসারে ১/৫ ভাগ ওভার বল করার সুযোগ পাবে।

খ) নির্দিষ্ট সময়ের ৩০ মিনিট পূর্বে খেলা পরিচালনা কমিটির নিকট খেলোয়াড় তালিকা জমা দিতে হবে।

গ) ক্রিকেট প্রতিযোগিতা অনুষ্ঠানে যদি প্রাকৃতিক কারণবশত যথা-ঝড়, বৃষ্টি, ঘন কুয়াশা ইত্যাদি মাঠের অবস্থা খেলার অনুপযোগী হয় তবে আম্পায়ার খেলার ওভার কমিয়ে খেলা সম্পন্ন করবেন।

ঘ) খেলা যদি টাই হয় অর্থাৎ উভয় দলের রান সমান হয় তবে উভয় দলের প্রথম ১০ ওভারের রানের গড় তুলনা করে ফল নির্ধারণ করা হবে। তারপরও টাই হলে উইকেট পতনের পার্থক্যে ফল নির্ধারণ করা হবে।

ঙ) প্রাকৃতিক দুর্যোগের কারণে আদৌ খেলা শুরু করা সম্ভব না হলে TOSS OF COIN এর মাধ্যমে ফল নির্ধারণ করে হবে।

চ) পুরুষ ও মহিলা উভয় ক্ষেত্রে খেলোয়াড়দের রঙ্গিন পোশাকে মাঠে নামতে হবে এবং সাদা বলে খেলা অনুষ্ঠিত হবে।

০৩। **ভলিবল : (পুরুষ ও মহিলা) :**

ভলিবল প্রতিযোগিতায় প্রতি দলে ৬ (ছয়) জন রোটেশন পদ্ধতিতে ৩ (তিন) সেটে সকল খেলা অনুষ্ঠিত হবে। দুই সেটে জয়ী দলকে বিজয়ী ঘোষণা করা হবে।

০৪। **হ্যান্ডবল : (পুরুষ ও মহিলা) :**

হ্যান্ডবল প্রতি ২০ + ৫ + ২০ মি: = ৪৫ মিনিট অনুষ্ঠিত হবে। ড্র হলে অতিরিক্ত ৫ + ৫ মিনিট খেলা অনুষ্ঠিত হবে। পুনরায় ড্র হলে টাইব্রেকারের মাধ্যমে ফল চূড়ান্ত হবে।

০৫। **ব্যাডমিন্টন : (পুরুষ ও মহিলা) :**

ব্যাডমিন্টন প্রতিযোগিতা একক ও দ্বৈত = ৩ (তিন) সেট খেলা অনুষ্ঠিত হবে। দুই সেটে জয়ী দলকে বিজয়ী ঘোষণা করা হবে। উল্লেখ্য, প্রতিযোগীর সংখ্যা বেশি হলে রাউন্ডের খেলার পয়েন্ট কমিয়ে খেলা সমাপ্ত করা হবে।

**বিশেষ দ্রষ্টব্য :**

ক) ফুটবল, ক্রিকেট, হ্যান্ডবল, ভলিবল ও ব্যাডমিন্টন প্রতিযোগিতা নক আউট পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণকারী দলসমূহ নিজেদের খেলার সরঞ্জাম যথা-বুট, হুজ, সিনগার্ড, জার্সি, প্যান্ট, কিপিং গ্লাভস্, ব্যাট, প্যাড, চেস্টগার্ড, রেকেট ইত্যাদি ব্যবহার করবে।

খ) কোনো খেলোয়াড়কেই নির্দিষ্ট খেলার ড্রেস, বুট, কেডস ইত্যাদি ছাড়া মাঠে নামতে দেয়া হবে না।

গ) ফুটবল, ভলিবল ও হ্যান্ডবল জার্সিতে অবশ্যই আন্তর্জাতিক নিয়ম অনুযায়ী বড় অক্ষরে নম্বর থাকতে হবে।

০৬। **এ্যাথলেটিকস : (পুরুষ ও মহিলা) :**

এ্যাথলেটিক প্রতিযোগিতায় ১ জন প্রতিযোগী ব্যক্তিগত সর্বোচ্চ ৩ (তিন) বিষয়ে (ট্র্যাক এবং ফিল্ড) ও রিলেতে অংশগ্রহণ করতে পারবে। ব্যক্তিগত চ্যাম্পিয়নশীপ, ব্যক্তিগত বিষয়ে অর্জিত মোট পয়েন্টের ভিত্তিতে নির্ধারণ করা হবে। যদি ব্যক্তিগত চ্যাম্পিয়নে ক্ষেত্রে একাধিক প্রতিযোগীর টাই হয় তবে রিলের পয়েন্ট যোগ করে ব্যক্তিগত চ্যাম্পিয়নশীপ নির্ধারণ করা হবে। ব্যক্তিগত বিষয়ে ১ম স্থান ৫ পয়েন্ট, ২য় স্থান ৩ পয়েন্ট ও ৩য় স্থান ১ পয়েন্ট ধরা হবে। রিলেতে ১ম স্থান ১২ পয়েন্ট, ২য় স্থান ৭ পয়েন্ট ও ৩য় স্থান ৫ পয়েন্ট ধরা হবে। উল্লেখ্য, বিভাগীয় পর্যায়ে সর্বাধিক পয়েন্ট অধিকারী কলেজকে আন্তঃকলেজ ময়মনসিংহ বোর্ড বিভাগীয় চ্যাম্পিয়ন হিসেবে ঘোষণা করা হবে।

০৭। নিম্নলিখিত খেলায় উল্লিখিতসংখ্যক প্রতিযোগী ও কর্মকর্তা সমন্বয়ে দল গঠিত হবে।

| খেলা | খেলোয়াড় + কর্মকর্তা | খেলা | খেলোয়াড় + কর্মকর্তা |
|---|---|---|---|
| ক) ফুটবল (পুরুষ) | ১৬ জন +২ জন | খ) ফুটবল (মহিলা) | ১৬ জন + ২ জন |
| গ) ক্রিকেট (পুরুষ) | ১৬ জন + ২ জন | ঘ) ক্রিকেট (মহিলা) | ১৬ জন + ২ জন |
| ঙ) ভলিবল (পুরুষ) | ১০ জন + ২ জন | চ) ভলিবল (মহিলা) | ১০ জন + ২ জন |
| ছ) হ্যান্ডবল (পুরুষ) | ১২ জন + ২ জন | জ) হ্যান্ডবল (মহিলা) | ১২ জন + ২ জন |
| ঝ) ব্যাডমিন্টন (পুরুষ) (একক ও দ্বৈত) | (১+২) ৩ জন + ১জন | ঞ) ব্যাডমিন্টন (মহিলা) (একক ও দ্বৈত) | (১+২) ৩ জন + ১জন |
| ট) এ্যাথলেটিকস (পুরুষ) | প্রতিটি ইভেন্টে ২ জন + ১ জন ও রিলেতে একটি দল | ঠ) এ্যাথলেটিকস (মহিলা) | প্রতিটি ইভেন্টে ২ জন + ১ জন ও রিলেতে একটি দল |

০৮। **এ্যাথলেটিকস : (ক্রীড়া) ইভেন্টসমূহ ঃ**

**পুরুষ :** ১০০ মিটার, ২০০ মিটার, ৪০০ মিটার, ৮০০ মিটার, ১৫০০ মিটার দৌড়, উচ্চ লম্ফ, দীর্ঘ লম্ফ, ত্রিলম্ফ, লৌহ গোলক নিক্ষেপ, চাকতি নিক্ষেপ, বর্শা নিক্ষেপ ও ১০০ × ৪ রিলে।

**মহিলা :** ১০০ মিটার, ২০০ মিটার দৌড়, উচ্চ লম্ফ, দীর্ঘ লম্ফ, লৌহ গোলক নিক্ষেপ, চাকতি নিক্ষেপ, বর্শা নিক্ষেপ ও ১০০ × ৪ রিলে। ক্রীড়া প্রতিযোগিতায় (পুরুষ ও মহিলা) ১ জন প্রতিযোগী ব্যক্তিগত সর্বোচ্চ ৩ টি ইভেন্টস ও রিলেতে অংশগ্রহণ করতে পারবে।

০৯। জেলা পর্যায়ের ফুটবল, ক্রিকেট, হ্যান্ডবল, ভলিবল, ব্যাডমিন্টন প্রতিযোগিতার চ্যাম্পিয়ন ও এ্যাথলেটিকস এর প্রথম ও দ্বিতীয় স্থান অধিকারী প্রতিযোগী এবং রিলের চ্যাম্পিয়ন দল কেবলমাত্র ময়মনসিংহ বোর্ড বিভাগীয় চূড়ান্ত খেলায় অংশগ্রহণ করতে পারবে।

১০। খেলাধুলায় অংশগ্রহণকারী উচ্চমাধ্যমিক শ্রেণির ছাত্র-ছাত্রীর সংশ্লিষ্ট জেলা ও বিভাগীয় ক্রীড়া পরিচালনা কমিটির সভাপতি/বোর্ডের শারীরিক শিক্ষা অফিসার/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট নির্দিষ্ট তারিখে খেলা শুরু হওয়ার পূর্বে ইভেন্ট উল্লেখপূর্বক তালিকা জমা দিতে হবে। প্রকৃত ছাত্র-ছাত্রীদের সনাক্তকরণের জন্য খেলার দিন একাদশ শ্রেণিতে অধ্যয়নরত প্রতিযোগীদের এসএসসি পরীক্ষার প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের মূলকপি এবং পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) সাথে আনতে হবে। দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত প্রতিযোগীদের পাসপোর্ট সাইজের ছবি ও ESIF এর মূলকপি এবং এর একটি ফটোকপি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) সাথে আনতে হবে।

১১। যারা কলেজের নিয়মিত ছাত্র-ছাত্রী এবং নিয়মিত ছাত্র-ছাত্রী হিসেবে ২০২১ সালে এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেছে এবং ২০২২ সনের এইচএসসি নিয়মিত পরীক্ষার্থী কেবলমাত্র তারাই সংশ্লিষ্ট খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। অনিয়মিত ও ফেল করা ছাত্র-ছাত্রী কিছুতেই উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না। ২০২১ সালের পরীক্ষার্থীগণ পাসপোর্ট সাইজের একটি ছবিসহ তাদের প্রবেশপত্রের মূলকপি ও একটি ফটোকপি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) এবং ২০২২ সনের পরীক্ষার্থীগণ পাসপোর্ট সাইজের একটি ছবিসহ eSIF এর মূলকপি এবং এর একটি ফটোকপি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) সাথে আনতে হবে।

১২। সংশ্লিষ্ট জেলার খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণকারী চ্যাম্পিয়ন ছাত্র-ছাত্রী ছাড়া অন্য কেও নতুনভাবে বিভাগীয় চূড়ান্ত পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না।

১৩। প্রতিটি কলেজদলকে নির্দিষ্ট দিনের খেলার নির্ধারিত সময়ের ৩০ মিনিট পূর্বে মাঠে উপস্থিত থাকতে হবে। কারণ, খেলোয়াড়দের ফটো ও তালিকা যাচাই করা হবে। নির্ধারিত সময়ের মধ্যে কোন দল মাঠে হাজির না হলে খেলা শুরু করার নির্ধারিত সময়ের পর ১০ মিনিট অপেক্ষা করে রেফারি/আম্পায়ার শেষ বাঁশি বাজিয়ে খেলার সমাপ্তি ঘোষণা করে কমিটির নিকট রিপোর্ট দাখিল করতে পারবেন।

১৪। কলেজদলের জমাকৃত তথ্যাদির সত্যায়িত ফটোকপি খেলার ৩০ মিনিট পূর্বে সংশ্লিষ্ট ক্রীড়া কমিটির সভাপতি/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে। অন্যথায় প্রতিযোগীকে খেলায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

১৫। খেলা চলাকালিন সংশ্লিষ্ট সকল খেলা রেফারি/আম্পায়ারদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। উল্লেখ্য, খেলোয়ারদের প্রবেশপত্র ও ESIF প্রযোজ্য ক্ষেত্রে স্ক্যান করা হবে। যদি কোনো কলেজদলের পক্ষে কোন অবৈধ খেলোয়াড় অংশগ্রহণ করে এবং তা প্রমাণিত হয়, তাহা হলে উক্ত কলেজকে সংশ্লিষ্ট খেলার প্রতিযোগিতা হতে বহিস্কারসহ বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। সেই ক্ষেত্রে ক্রীড়া পরিচালনা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭। আন্তঃকলেজ (উ.মা.) খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতা, ২০২০-২০২১ বোর্ডের পক্ষে পরিচালনা করার জন্য মনোনীত কর্মকর্তাবৃন্দ সংশ্লিষ্ট জেলা ও বিভাগীয় দায়িত্বপালন করবেন।

১৮। বিশেষ কারণে যদি কোনো দল আপত্তি (প্রটেস্ট) করতে চায় তাহলে আপত্তিপত্র খেলা শেষ হওয়ার ৬০ মিনিটের মধ্যে ২০০০/- (দুই হাজার) টাকা ফি ও উপযুক্ত প্রমাণাদিসহ সংশ্লিষ্ট ক্রীড়া কমিটির সভাপতি/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে। কমিটির সিদ্ধান্ত যদি আবেদনকারীর পক্ষে বিবেচিত হয় তবে আবেদনকারীর জমাকৃত ফি ফেরৎ দেয়া হবে। ফি ছাড়া কোনো প্রটেস্টই গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

১৯। ময়মনসিংহ বোর্ড বিভাগীয় চূড়ান্ত পর্যায়ে অংশগ্রহণকারী প্রতিযোগী ও কর্মকর্তাগণ বোর্ডের নির্ধারিত হারে বোর্ডের পক্ষে খেলা পরিচালনার জন্য সংশ্লিষ্ট বোর্ড বিভাগীয় সভাপতি/দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নিকট হতে দৈনিক খাওয়া খরচ (ফুড চার্জ) ও যাতায়াত খরচের অনুদান গ্রহণসহ নিজ ব্যবস্থায় অবস্থান করবেন। তবে জেলা পর্যায়ের খেলাধুলায় ও ক্রীড়া প্রতিযোগিতায় কোনো প্রকার ভাতা দেয়া হবে না। উল্লেখ্য, সংশ্লিষ্ট প্রতিটি খেলার জন্য দলের সাথে ০২ (দুই) জন (ম্যানেজার + শারীরিক শিক্ষা শিক্ষক) কর্মকর্তা অংশগ্রহণ করতে পারবেন।

২০। এই নীতিমালা (বাইলজ) দ্বারা সমাধান যোগ্য নয় এইরূপ কোন সমস্যার উদ্ভব হলে সেই বিষয়ে সংশ্লিষ্ট ক্রীড়া পরিচালনা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৪/০১/২২
**প্রফেসর ড. গাজী হাসান কামাল**
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

০৪/০১/২২
**প্রফেসর শেখ মোঃ হাবিবুর রহমান**
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চম্যাধমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

## ময়মনসিংহ এর শিক্ষা বোর্ড বিভাগীয় (চূড়ান্ত) আন্তঃ কলেজ (উ.মা.) খেলাধূলা ও ক্রীড়া প্রতিযোগিতা ২০২০-২০২১

### <u>খেলোয়াড় তালিকা</u>

(প্রতিটি ইভেন্টের জন্য আলাদা আলাদা ভাবে এ তালিকা অবশ্যই জমা দিতে হবে)

প্রতিযোগিতায় অংশগ্রহণকারী কলেজের নাম.......................................কলেজ কোড নং.........................

কলেজ ইআইআইএন নং...........................................ক্রীড়া শিক্ষকের মোবাইল নম্বর..................................

ইভেন্টের নাম.......................................................

| ক্রমিক নং | খেলোয়ারদের স্পষ্টাক্ষরে নাম ও পিতার নাম (এএসসি রেজিস্ট্রেশন অনুযায়ী) | জার্সি নং | এইচএসসি গ্রুপ | শ্রেণি | ক্লাশ রোল | ই.এস.আই.এফ এর ক্রমিক নং | এইচএসসি রোল, রেজি: নম্বর ও পরীক্ষার সন |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |

**বিশেষ দ্রষ্টব্য ঃ** ময়মনসিংহ এর এর শিক্ষা বোর্ডে রেজিস্ট্রেশনের জন্য প্রেরিত ইএসআইএফ-এর অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত ফটোকপি, এইচএসসির মূল রেজিস্ট্রেশন কার্ড ও মূল প্রবশপত্র এবং এর ফটোকপি (একাদশ ও দ্বাদশ), দ্বাদশ শ্রেনির ক্ষেত্রে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) এবং পাসপোর্ট সাইজের সত্যায়িত ১ কপি ছবি অবশ্যই সংগে জমা দিতে হবে। উল্লেখ্য, ২০২০-২০২১ ক্রীড়া প্রতিযোগিতায় শুধুমাত্র ২০২১ ও ২০২২ সনের নিয়মিত এইচএসসি পরীক্ষার্থীগণ উক্ত প্রতিযোগিতায় অংশ গ্রহণ করতে পারবে।

ক্রীড়া শিক্ষকের নাম..............................

..............................
স্বাক্ষর

অধ্যক্ষের স্বাক্ষর
সীলমোহর